দৈনিক জনকণ্ঠ

MAR. 05 [redacted]

তারিখ ... পৃষ্ঠা ... কলাম ...

সম্পাদক সমীপে

মতামতের জন্য সম্পাদক দায়ী নন

## বিকৃত ইতিহাস ও আমাদের শিক্ষকমণ্ডলী

"শিক্ষাই জাতির মেরুদণ্ড"–এটা ভুল, আসলে সুশিক্ষাই জাতির মেরুদণ্ড। বঙ্গবন্ধু বলেছিলেন, "আমার দেশের কৃষক-শ্রমিক মেহনতি মানুষগুলো দুর্নীতি করে না, দুর্নীতি করে শিক্ষিত (সুশিক্ষিত নয়) লোকগুলো।" তাই তো এই মেহনতি মানুষগুলোর এত বছরেও কোন পরিবর্তন এলো না। অথচ শিক্ষিত মানুষগুলোর পরিবর্তন চোখে পড়ার মতো। ছোটবেলা থেকে গ্রামের যেই লোকগুলোকে কৃষিকাজ করতে দেখেছি, সেই লোকগুলো এখনও সেই কাজই করেন, অথচ '৭১-এর এক মেজরের ত্রিশ বছরের সন্তান জাহাজ-ইন্ডাস্ট্রিজসহ মাল্টিমিলিয়নিয়ার। ইস্কান্দার, আমান, পিন্টুরা মাত্র কয়েক বছরে কোটি কোটি টাকার মালিক হয়ে গেল! আর এ মানুষগুলোকে যাঁরা তৈরি করেছেন, তাঁরাই শিক্ষক। শিক্ষকরাই মানুষ গড়ার কারিগর। আমি অবাক হচ্ছি, খালেদা-নিজামী সরকার কর্তৃক স্কুল পাঠ্যবইয়ে যে ইতিহাস বিকৃতি ঘটানো হয়েছে, তার কোন প্রতিবাদ শিক্ষকসমাজ থেকে করা হয়নি। তাহলে কি তাঁরা এই বিকৃত, মিথ্যা ইতিহাসই শিক্ষার্থীদের শিক্ষা দেবেন? কোন্ স্বার্থে? তারা কি একটুও অন্তর্জ্বালায় ভুগবেন না? আমার মা আমার জন্মদিন-তারিখ জানেন না,

স্কুলের এক শিক্ষক আমার জন্ম তারিখ তাঁর পছন্দমতো করে রেজিস্ট্রি করে দিয়েছেন। আমাদের দেশে জন্মদিনটির তেমন কোন গুরুত্ব নেই। কিন্তু গত ১৪ বছরে এই প্রবাসে প্রতিদিন (জন্মদিন, মাস, বছর এবং আরও ৪টি সংখ্যাসহ সিপিআর নম্বর হয়, এটাই এখানকার আইডেনটিটি) এর প্রয়োজন পড়ে।
প্রিয়জন, বন্ধু-বান্ধব, শুভাকাঙ্ক্ষী বা চাকরি প্রতিষ্ঠান থেকে জন্মদিনে যখন কোন কার্ড বা উপহার পাই তখন খুবই

আত্মবঞ্চনায়, অন্তর্জ্বালায় জ্বলি! যদিও এ জন্য আমি দায়ী নই। আমার মনে হয়, আমার মতো অন্তর্জ্বালায় বিএনপি-জামায়াতের প্রধানমন্ত্রী বেগম খালেদাও জ্বলেন। কারণ তাঁর জন্মদিনও আমার মতো ভুয়া! এবং তাও আবার বছরে তিন তিন বার! মাকে জন্মদিনের কথা জিজ্ঞাসা করলে বলেন, "কি.জানি, মনে নেই। তবে যেই বছর তর অই বাড়ির চাচা কালু মোল্লা, ডাক্তার সাবের বাবা মারা গেল, অই বছর অইছছ, অই বছর একটা বড়

বইন্যাও অইছিলো!" আমার বউ রাশিচক্রে কি আছে তা দেখে, আমি বিশ্বাস করি না। পরে চুপে চুপে সব আমার রাশি! হয়ত এই ব্যাপারেও আ জোটনেত্রী বেগম খালেদার মিল আছে তাই শিক্ষকদের বলি, আমি এবং আমাদের পিতা-মাতার অদূরদর্শিতার

...য় প্রতিদিন আমার ...কে বলি আমি রাশি ...শিই পড়ি যেন সবই ...র সাথে পাকি-বাংলার

...বগম খালেদা না হয় প্রায়শ্চিত্ত করছি, কিন্তু

আপনারা ক্যান সব জেনেশুনে কোমলমতি শিক্ষার্থীদের ভুয়া, মিথ্যা, বিকৃত ইতিহাস শিক্ষা দেবেন? তাতে কি আপনারা একটুও অন্তর্জ্বালায় জ্বলবেন না? আপনাদের সুশিক্ষায়ই তো একজন সুশিক্ষিত, সৎ নাগরিক গড়ে উঠবে। যে আগামী দিনে এ দেশের হাল ধরবে।

*মোহাম্মদ আলী মোল্লা (লিংকন)*
*কোপেনহেগেন, ডেনমার্ক।*